



# ইসলামিক ফাউন্ডেশন

সমন্বয় বিভাগ

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

১৭/১৮  
২৮/৪/২৬

স্মারক নম্বর ১৬.০১.০০০০.০০৫.০৩.০০৬০.২৪.৬৪১৪

তারিখ: ০২ এপ্রিল ২০২৬

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরের বিভাগীয় ও জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতা বাস্তবায়ন।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব, বিশ্ব মানবতার মুক্তির দিশারী হযরত মুহাম্মদ (সা) এর জীবনী সম্পর্কে জানার জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক এ বছর দ্বিতীয়বারের মতো জাতীয় সীরাত প্রতিযোগিতা আয়োজন করা হবে। এ প্রতিযোগিতা জেলা পর্যায়ে থেকে শুরু হবে। জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। সীরাত প্রতিযোগিতা বাস্তবায়নের রূপরেখা প্রণয়নের জন্য গঠিত কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে জাতীয় সীরাত প্রতিযোগিতার বিভাগীয় ও জেলা পর্যায়ের প্রতিযোগিতা নিম্নরূপ নিয়মাবলী, সময়সূচি ও বাজেট অনুযায়ী বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

## প্রতিযোগিতার গ্রুপ

ক্রম	গ্রুপ	বিবরণ	বয়সসীমা
১	ক	৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ১৫ বছর
২	খ	৯ম থেকে ১২শ শ্রেণি পর্যন্ত স্কুল, কলেজ ও সমমানের মাদ্রাসা শিক্ষার্থী	অনুর্ধ্ব ১৯ বছর
৩	গ	বিশ্ববিদ্যালয় পর্যায়ের সাধারণ শিক্ষা ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ২৭ বছর

## গ্রুপভিত্তিক নির্বাচিত সীরাত গ্রন্থ

গ্রুপ	বইয়ের নাম	মূল লেখক
ক	সীরাতে খাতামুল আন্দিয়া নবীয়ে রহমত	মুফতী মুহাম্মদ শফী (রহ) সাইয়েদ আবুল হাসান আলী নভদী
খ	সীরাতুল মুত্তাফা ১ম-৩য় খণ্ড আর রাহীকুল মাখতুম	আল্লামা ইদরীস কান্দলভী আল্লামা সফিউর রহমান মোবারকপুরী
গ	সীরাতুলনবী ১ম-৪র্থ খণ্ড সীরাত বিশ্বকোষ ৪র্থ-৬ষ্ঠ খণ্ড	আবু মুহাম্মদ আব্দুল মালেক ইবনে হিশাম ইবনে আইয়ুব ইসলামিক ফাউন্ডেশন

## প্রতিযোগিতার নিয়মাবলী

- যারা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ইসলামিক ফাউন্ডেশনের সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে নাম নিবন্ধন করতে হবে।
- জেলা পর্যায়ের প্রতিযোগিতা সারাদেশে একযোগে একইদিনে অনুষ্ঠিত হবে।
- জেলা পর্যায়ের প্রতিযোগিতার জন্য প্রধান কার্যালয় থেকে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। পরীক্ষা শুরুর ১ ঘণ্টা পূর্বে জেলা কার্যালয়কে প্রশ্নপত্র সরবরাহ করা হবে।
- জেলা কার্যালয় ওইদিনই পরীক্ষা ফলাফল প্রকাশ ও বিজয়ী প্রতিযোগীদের নাম ঘোষণা করবে। একই দিন বিজয়ী প্রতিযোগীদের সনদপত্র ও পুরস্কার প্রদান করবে।
- পরীক্ষার পূর্ণমান ৫০। পরীক্ষার প্রশ্ন এক কথায় উত্তর, এমসিকিউ ও সংক্ষিপ্তাকারে হবে।
- জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের নিয়ে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতাও অনুরূপভাবে অনুষ্ঠিত হবে।
- বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা ৮ বিভাগে একযোগে একইদিনে অনুষ্ঠিত হবে। প্রধান কার্যালয় থেকে পরীক্ষা শুরুর ১ ঘণ্টা পূর্বে প্রশ্নপত্র সরবরাহ করা হবে।
- জাতীয় পর্যায় ব্যতীত বিভাগীয় ও জেলা পর্যায়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো যাতায়াত ভাতা প্রদান করা হবে না।
- নির্বাচনী পরীক্ষায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- জাতীয় সীরাত প্রতিযোগিতার জাতীয় পর্যায়ে প্রথম পুরস্কার ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৪৫ হাজার টাকা ও তৃতীয় পুরস্কার ৪০ হাজার টাকাসহ ফ্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে।
- বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নামের তালিকা আগামী ২৫ মে ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।
- জেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ০৫ মে ২০২৬ তারিখে সকাল ১০:৩০ টায় চাপাতলী মডেল সেন্টারে অনুষ্ঠিত হবে।

২৮/৪/২৬